গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৪.২০২০/ ১৯৬ তারিখ: ১১/০২/২০২৫ খ্রিঃ।

**কাস্টমস রুলিং (অগ্রিম) নং-৮৯/২০২৫**

**বিষয়ঃ আমদানিতব্য Chips of Sodium Isethionate নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্রঃ Unilever Bangladesh Ltd. এর ২২/১০/২০২৪ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

Unilever Bangladesh Ltd. নামক প্রতিষ্ঠান Chips of Sodium Isethionate নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারীর নাম | Unilever Bangladesh Ltd. |
| আবেদনকারীর ঠিকানা | Shanta Forum, Level 10-14, 187-188/B, Bir Uttam Mir Shawkat Sarak, Dhaka. |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Chips of Sodium Isethionate |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | As Raw Materials |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | Germany/Indonesia |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস | 3402.39.00 |

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

Chips of Sodium Isethionate নামক পণ্যটি As Raw Materials প্রকৃতিতে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেনীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

Unilever Bangladesh limited এর বিবেচ্য এডভ্যান্স রুলিং এর আবেদন পর্যালোচনায় দেখা যায় যে আবেদনে উল্লিখিত পণ্য Directly Esterified Fatty Isethionate (DEFI) chips, যা মূলতঃ Dove milk bar (ডাভ সাবান) তৈরির মূল কাঁচামাল। বিবেচ্য পণ্যকে একধরনের anionic surface active agent উল্লেখপূর্বক Unilever এর আবেদনে পণ্যটির ক্ষেত্রে HS code প্রস্তাব করা হয়েছে 3402.39.00।

পণ্য সম্পর্কিত তথ্য: আবেদন এর সাথে দাখিলকৃত দলিলাদি, শুনানি এবং পরবর্তীতে উপস্থাপিত তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, বিবেচ্য পণ্য DEFI chips প্রকৃতপক্ষে Sodium Lauryl Isethionate (74.70%)। এতে অন্য যে সকল উপাদান আছে তার মধ্যে রয়েছে Stearic acid-(13.36%), Coconut fatty acid(9.03%) এবং Sodium Isethionate (2.91%)।

পর্যালোচনা: বিবেচ্য ক্ষেত্রে DEFI বা Sodium Lauryl Isethionate পণ্যটি একটি anionic active agent যা পানিতে দ্রবিভূত অবস্থায় anion তৈরি করে সকল ধরণের surface activity করে থাকে। সে বিবেচনায় বিবেচ্য পণ্য anionic active agent হিসেবে শ্রেণিবিন্যাসযোগ্য। তবে বিবেচ্য পণ্য Sodium Lauryl Isethionate তে Stearic acid, Coconut fatty acid এবং Sodium Isethionate মিশ্রিত থাকায় এটি anionic surface active agent হিসেবে শ্রেণিবিন্যাসযোগ্য কিনা তা যাচাইকালে দেখা যায় যে, HS Explanatory Notes এর Heading 34.02 এ

These surface-active agents may contain, as impurities resulting from the manufacturing process, small quantities of fatty alcohols, alkylates or other hydrophobic raw materials which have escaped sulphation or sulphonation. They may also contain sodium sulphate or other residual inorganic salts in a proportion generally not exceeding 15 %, when expressed as the anhydrous salts.

প্রাপ্ত তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, বিবেচ্য ক্ষেত্রে DEFI Chips এ বিদ্যমান Stearic acid এবং অন্যান্য উপাদান মূলত: Manufacturing Process এর উপজাত অথবা অপরিবর্তিত raw materials.

বর্ণিত অবস্থায়, BCT এবং Explanatory Notes এর আলোকে আমদানিতব্য Chips of Sodium Isethionate নামীয় পণ্যটি এইচ এস কোড 3402.39.00 তে শ্রেণিবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানি তব্য পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

(হোসেন আহমদ)
সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি)
ও
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৪.২০২০/ ১৯৬

তারিখ: ১১/০২/২০২৫ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) /(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৭। ব্যবস্থাপনা পরিচালক, Unilever Bangladesh Ltd. Shanta Forum, Level 10-14, 187-188/B, Bir Uttam Mir Shawkat Sarak, Dhaka.

১২/২/২৫
(তানভীর আহমেদ)
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ও
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ই-মেইল: nbrclassification@gmail.com